মুজিব বর্ষের অঙ্গীকার,
প্রযুক্তি এগিয়ে যাওয়ার হাতিয়ার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর,জেলা কার্যালয়,
নোয়াখালী

নোয়াখালী জেলা আইসিটি কমিটির জানুয়ারী-২০২২ খ্রি. মাসের সভার কার্যবিবরণী

---

| | |
|---|---|
| সভাপতি | দেওয়ান মাহবুবুর রহমান<br>জেলা প্রশাসক |
| সভার তারিখ | ৩০/০১/২০২২ খ্রি. |
| সভার সময় | সকাল ১১.০০ ঘটিকা |
| স্থান | জেলা প্রশাসক, নোয়াখালী এর সম্মেলন কক্ষ হতে ভার্চুয়াল (Zoom Platform) |
| উপস্থিতি | পরিশিষ্ট “ক” |

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি প্রথমেই করোনা ভাইরাস (কোভিড-১৯) দুর্যোগকালীন সময়ে সরকারের স্বাস্থ্যবিধি ও বিভিন্ন শর্তাবলী মেনে সুষ্ঠুভাবে অফিস পরিচালনা বিষয়ে গুরুত্ব আরোপ করেন। অতঃপর তিনি মাসিক সভার নির্ধারিত আলাচনা শুরু করার নির্দেশ দেন। নির্দেশনা মোতাবেক প্রোগ্রামার (ভারপ্রাপ্ত) বিগত ডিসেম্বর/ ২০২১ খ্রি. মাসের সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রঃ | বিষয় | বিবরণ | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | জেলা ও উপজেলা আইসিটি কমিটির নিয়মতি সভা আহ্ববান। | করোনা ভাইরাস (কোভিড-১৯) এর সংক্রমণ পরিস্থিতিতে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী স্বাস্থ্যবিধি অনুসরণ করে ভৌত অথবা অনলাইনে জেলা ও উপজেলা আইসিটি কমিটির নিয়মিত মাসিক সভা আহ্বানের জন্য নির্দেশনা প্রদান করা হয়। এছাড়াও জেলা ও উপজেলা পর্যায়ে গঠিত আইসিটি বিষয়ক কমিটির সভা নিয়মিত আহ্বান সংক্রান্ত সভার নোটিশ ও কার্যবিবরণী আবিশ্যিকভাবে একাদশ জাতীয় সংসদের ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির মাননীয় সভাপতি ও কমিটির অন্যান্য সকল মাননীয় সদস্যের নিকট প্রেরণসহ আহ্বানকৃত সভার নোটিশ ও কার্যবিবরণীর ০১ (এক) কপি তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এর প্রধান কার্যালয়ে (ই-নথি ও ইমেইল-ictcommitteereport@gmail.com) প্রেরণ করার বিষয়ে আলোচনা করা হয়। প্রোগ্রামার (ভারপ্রাপ্ত), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, নোয়াখালী সভায় জানান, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, নোয়াখালী এর আইসিটি কমিটির সভা নিয়মিত অনুষ্ঠিত হচ্ছে এবং অনুষ্ঠিত সভার কার্যবিবরণী নিয়মিতভাবে সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করা হচ্ছে। | (১) প্রোগ্রামার (ভারপ্রাপ্ত), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, নোয়াখালী। (২) সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয় (সকল), নোয়াখালী |
| ০২ | সুরক্ষা সিস্টেমে টিকাগ্রহণকারীর তথ্য সংশোধন সংক্রান্ত | প্রোগ্রামার (ভারপ্রাপ্ত) ও সদস্য সচিব জানান, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক ডেভেলপকৃত “সুরক্ষা” সিস্টেমে নিবন্ধনধারী নাগরিকদের টিকা গ্রহণের তথ্য সংশোধনের জন্য জেলা কার্যালয়, নোয়াখালী-কে প্রয়োজনীয় ক্ষমতা প্রদান করা হয়েছে। ইতিমধ্যে ৩০/০১/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত ২৭৫ টি “নাগরিক আবেদন” যাচাই-বাছাইপূর্বক নিষ্পত্তি করা হয়েছে। সংশোধন প্রক্রিয়া ত্বরান্বিত করার নিমিত্তে করণীয় বিষয়ে তিনি বলেন, ইতিমধ্যে নোয়াখালী জেলায় স্বাস্থ্য বিভাগ কর্তৃক গণটিকা কর্মসূচী পরিচালনা করা হয়েছে। কিন্তু গণটিকা কর্মসূচীতে যে সকল নাগরিকগণকে টিকা প্রদান করা হয়েছে তাদের সকলের তথ্য সুরক্ষা সিস্টেমে নিবন্ধন কিংবা টিকার ডোজ আপডেট করা হয়নি ফলে নাগরিকগণ বিভিন্ন প্রয়োজনে তাদের টিকাসনদ সংগ্রহপূর্বক প্রদর্শন করতে ব্যর্থ হচ্ছেন। তিনি আরো জানান, নিয়মিত টিকাকেন্দ্র হতে অনেক টিকাধারীর “টিকা তথ্য” স্ক্যান বা হালনাগাদের সময় এক টিকার স্থলে অন্য টিকার নাম ভুল করে আপডেট করা হয়। এতে প্রবাসগামী টিকাধারীগণ জটিলতার সম্মুখীন হচ্ছেন। তিনি উক্ত সমস্যা সমাধানকল্পে সিভিল সার্জন, নোয়াখালীকে প্রয়োজনীয় প্রত্যয়ন প্রদানের জন্য অনুরোধ করেন।<br>**সিদ্ধান্তঃ**<br>(ক) কোভিড-১৯ মহামারির বিষয়টি সর্বোচ্চ গুরুত্ব দিয়ে বিবেচনা করে গণটিকা কার্যক্রমে টিকাপ্রদানকারী নাগরিকদের তথ্য নিবন্ধন ও হালনাগাদ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) টিকা তথ্য সংশোধনের নিমিত্তে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক চাহিত প্রয়োজনীয় প্রমাণক বা “প্রত্যয়ন” প্রদানের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (১) সিভিল সার্জন, নোয়াখালী। (২) প্রোগ্রামার (ভারপ্রাপ্ত), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, নোয়াখালী। |

| | | | |
|---|---|---|---|
| ০৩ | ব্রডব্যান্ড ইন্টারনেটের গতি বৃদ্ধিকরণ সংক্রান্ত | জেলা সমাজসেবা কর্মকর্তা, নোয়াখালী ও সদস্য, জেলা আইসিটি কমিটি সভায় জানান, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক ইতিমধ্যে বাস্তবায়িত ইনফো-সরকার-২ প্রকল্প হতে সরবরাহকৃত ইন্টারনেট এর গতি অত্যন্ত শ্লথ। তিনি উক্ত ইন্টারনেটের গতি বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।<br>**সিদ্ধান্তঃ**<br>(ক) দাপ্তরিক কার্যক্রমসমূহ সম্পন্ন করার নিমিত্তে জেলা সমাজসেবা কর্মকর্তা, নোয়াখালী এর অনুরোধের প্রেক্ষিতে কারিগরি দিকসমূহ পর্যালোচনাপূর্বক ইন্টারনেটের গতি বৃদ্ধিকরণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (১) প্রোগ্রামার (ভারপ্রাপ্ত), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, নোয়াখালী। |
| ০৪ | সরকারি ইন্টারনেট সংযোগ স্থাপন সংক্রান্ত। | অধ্যক্ষ, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, নোয়াখালী বলেন, তাঁর প্রতিষ্ঠানে কোন সরকারি ইন্টারনেট সংযোগ না থাকায় প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করা যাচ্ছে না। তিনি আরো বলেন, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র কর্তৃক বেকার যুবক ও যুবতীদের বিভিন্ন ক্যাটাগরিতে প্রশিক্ষণ প্রদানসহ প্রবাসগামীদের বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয় কিন্তু ইন্টারনেট সংযোগ না থাকায় প্রশিক্ষণ কার্যক্রমে প্রায়শই বিঘ্ন ঘটে। তাই উক্ত প্রতিষ্ঠানে সরকারি ইন্টারনেট সেবা প্রদান করার অনুরোধ করেন।<br>সিদ্ধান্তঃ প্রোগ্রামার ও সদস্য সচিব, জেলা আইসিটি কমিটি, নোয়াখালী সভায় জানান, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্প হতে জেলায় নতুন করে ইন্টারনেট সংযোগ স্থাপন করা হবে। উক্ত প্রকল্পের কার্যক্রম অচিরেই শুরু হলে কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, নোয়াখালীতে সরকারি ইন্টারনেট সংযোগ প্রদান করা যেতে পারে। | (১) প্রোগ্রামার (ভারপ্রাপ্ত), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, নোয়াখালী। |
| ০৫ | ওয়েব পোর্টাল হালনাগাদ কার্যক্রম সংক্রান্ত। | সভাপতি ও অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), নোয়াখালী জানান তথ্য বাতায়ন হালনাগাদকরণ একটি চলমান প্রক্রিয়া। ইতিমধ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, নোয়াখালী কর্তৃক সকল অফিসের একজন করে প্রতিনিধিকে ওয়েবপোর্টাল হালনাগাদের প্রাথমিক ধাপ “মুক্তপাঠ” এর প্রশিক্ষণ প্রদান করেছেন। ইতিমেধ্যে জেলা প্রশাসন, নোয়াখালী কর্তৃক ওয়েবপোর্টাল হালনাগাদ বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তিনি আরো বলেন, ওয়েবপোর্টাল হালনাগাদকালে কোন কারিগরি সহযোগিতা প্রয়োজন হলে প্রোগ্রামার (ভারপ্রাপ্ত) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, নোয়াখালী বা উপজেলা পর্যায়ে সহকারি প্রোগ্রামার এর সহিত যোগাযোগ করার জন্য তিনি সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।<br>**সিদ্ধান্তঃ**<br>(ক) ইতিমধ্যে মুক্তপাঠ ও ওয়েব পোর্টাল প্রশিক্ষণধারীগণ কর্তৃক তাদেঁর স্ব-স্ব দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। তথ্য হালনাগাদের নিমিত্তে যে কোন কারিগরি সহযোগিতার জন্য প্রোগ্রামার/ সহকারী প্রোগ্রামারগণের সাথে যোগাযোগ করা যেতে পারে। | (১) জেলা দপ্তরসমূহের প্রধানগণ, নোয়াখালী। |

| | | | |
|---|---|---|---|
| ০৬ | ইনফো-সরকার (ফেইজ-২) প্রকল্পের অগ্রগতি সংক্রান্ত। | ইনফো সরকার ৩য় পর্যায় প্রকল্পের আওতায় জানুয়ারী, ২০২২ খ্রি. পর্যন্ত ইউনিয়ন পপ হতে ইন্টারনেট সংযোগ প্রদান সংক্রান্ত তথ্য (নিচের সারণি দ্রষ্টব্য) | নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, ইনফো সরকার (ফেইজ-৩) প্রকল্প। |

ইনফো সরকার ৩য় পর্যায় প্রকল্পের আওতায় জানুয়ারী, ২০২২ খ্রি. পর্যন্ত ইউনিয়ন পপ হতে ইন্টারনেট সংযোগ প্রদান সংক্রান্ত তথ্য

| ক্র. নং | উপজেলা | ইউনিয়ন | সংযোগকৃত সরকারি অফিস | সংযোগকৃত শিক্ষা প্রতিষ্ঠান | স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান | বেসরকারি অফিস | অন্যান্য (ব্যবসা প্রতিষ্ঠান ও বাসা বাড়ি) | মোট সংযোগকৃত গ্রাহক সংখ্যা | ISP অপারেটর-দের নাম |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | কবিরহাট | উপজেলা পপ | ১০ | ০ | ০ | ০ | ৫ | ১৫ | হাতিয়া আইটি পার্ক |
| | | সুন্দলপুর | ০ | ৬ | ২ | ১২ | ৩০০ | ৩২০ | হাতিয়া আইটি পার্ক |
| ২ | সুবর্ণচর | চর ক্লার্ক | ০ | ০ | ১ | ০ | ০ | ১ | প্রিমিয়াম কানেক্টিভিটি |
| | | চরজুবলী | ০ | ০ | ০ | ০ | ৪৫ | ৪৫ | বিবিটিএস |
| ৩ | সোনাইমুড়ী | নদনা | ০ | ০ | ০ | ০ | ৩৬ | ৩৬ | আইসিসি কমিউনিকেশন |
| | | জয়াগ | ০ | ০ | ০ | ০ | ৩০ | ৩০ | বিডি কম |
| | | আমিশা পাড়া | ০ | ০ | ০ | ০ | ৬৭ | ৬৭ | টেলনেট কমিউনিকেশন |
| | | | ০ | ০ | ০ | ০ | ৭ | ৭ | ফেনী ইজিনেট |
| | | দেওটি | ০ | ০ | ০ | ০ | ৫৫ | ৫৫ | আইসিসি কমিউনিকেশন |
| | | | ০ | ০ | ০ | ০ | ১ | ১ | প্রেক্সাস ক্লাউড |
| | | | ০ | ০ | ০ | ০ | ১ | ১ | রংযাংগস আইটি |
| | | বজরা | ০ | ৫ | ০ | ০ | ৮৪ | ৮৯ | সজিব ট্রেডিং |
| | | আম্বরনগর | ০ | ০ | ০ | ০ | ১১ | ১১ | প্লাস নেট |
| ৪ | কোম্পানীগঞ্জ | চরপার্বতী | ০ | ০ | ১ | ০ | ৪৫ | ৪৬ | সাজিদ ট্রেডিং |
| ৫ | চাটখিল | উপজেলা পপ | ০ | ০ | ৫ | ০ | ০ | ৫ | ফাস্ট এন্ড ফাস্ট আইটি |
| | | | ০ | ০ | ০ | ০ | ২ | ২ | ব্রাক নেট |
| | | | ০ | ০ | ০ | ০ | ১ | ১ | টেলনেট কমিউনিকেশন |
| | | | ০ | ০ | ০ | ০ | ১ | ১ | রংযাংগস আইটি |
| | | | ০ | ০ | ০ | ০ | ৬ | ৬ | আম্বার আইটি |
| ৬ | বেগমগঞ্জ | মিরওয়ারিশপুর | ০ | ০ | ০ | ০ | ১৩২ | ১৩২ | ফাস্ট এন্ড ফাস্ট আইটি |
| | | গোপালপুর | ০ | ০ | ০ | ০ | ১২৫ | ১২৫ | বিবিটিএস |
| | | ছয়ানী | ০ | ০ | ১ | ০ | ০ | ১ | কেএস নেটওয়ার্ক |
| | | | ০ | ০ | ০ | ০ | ২ | ২ | রংযাংগস আইটি |
| | | উপজেলা পপ | ০ | ০ | ০ | ২ | ০ | ২ | ইন্টার ক্লাউড আইটি |
| ৭ | সেনবাগ | উপজেলা পপ | ০ | ০ | ০ | ০ | ৩ | ৩ | বিবিটিএস |
| | | কাবিল পুর | ০ | ০ | ০ | ০ | ১ | ১ | আম্বার আইটি |
| | | ডুমুরুয়া | ০ | ০ | ০ | ০ | ১ | ১ | কেএস নেটওয়ার্ক |
| | | ছাতারপাইয়া | ০ | ০ | ০ | ০ | ১ | ১ | প্রেক্সাস ক্লাউড |
| | | | ০ | ০ | ০ | ০ | ১ | ১ | আম্বার আইটি |
| সর্বমোট | | | ১০ | ১১ | ১০ | ১৪ | ৯৬৩ | ১০০৮ | |

সিদ্ধান্তঃ ইনফো সরকার (ফেইজ-৩) প্রকল্পের সংযোগ বৃদ্ধি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

পরিশেষে সভাপতি সভায় উপস্থিত সকলকে ই-সেবা কার্যক্রম জোরদার করার এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তির সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করার আহ্বান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

দেওয়ান মাহবুবুর রহমান
জেলা প্রশাসক

স্মারক নম্বর: ৫৬.০৪.৭৫০০.০০০.০৬.০০৩.২০.৯

তারিখ: ২৫ মাঘ ১৪২৮
০৮ ফেব্রুয়ারি ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মাননীয় সভাপতি, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রনালয় সম্পর্কিত স্থায়ী কমিটি।
২) মাননীয় সংসদ সদস্য, ২৭১-নোয়াখালী-৪ এবং উপদেষ্টা, জেলা আইসিটি বিষয়ক কমিটি, নোয়াখালী
৩) সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
৪) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
৫) পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয়, নোয়াখালী
৬) সিভিল সার্জন, জেলা সিভিল সার্জনের কার্যালয়, নোয়াখালী
৭) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নোয়াখালী
৮) উপ পরিচালক (চলতি দায়িত্ব), স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী
৯) অতিরিক্ত জেলা প্রশাসক, শিক্ষা ও আইসিটি, জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী
১০) অধ্যক্ষ, নোয়াখালী সরকারী কলেজ,, নোয়াখালী
১১) অধ্যক্ষ,নোয়াখালী সরকারি মহিলা কলেজ, নোয়াখালী
১২) অধ্যক্ষ, জেলা কারিগরি/ ভোকেশনাল ইনস্টিটিউট ,নোয়াখালী
১৩) অধ্যক্ষ, ভুলুয়া ডিগ্রি কলেজ, নোয়াখালী
১৪) অধ্যক্ষ, সোনাপুর কলেজ, নোয়াখালী
১৫) নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, নোয়াখালী
১৬) উপপরিচালক , উপপরিচালক এর কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নোয়াখালী
১৭) প্রোগ্রামার, (বর্তমানে প্রধান কার্যালয়ে সংযুক্ত), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, নোয়াখালী
১৮) জেলা মৎস্য কর্মকর্তা, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, নোয়াখালী
১৯) সিনিয়র তথ্য অফিসার, জেলা তথ্য অফিস, নোয়াখালী
২০) উপ পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, নোয়াখালী
২১) উপপরিচালক (ভারপ্রাপ্ত), উপপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, নোয়াখালী
২২) উপ-মহাব্যবস্থাপক (টেলিকম),, বিটিসিএল, নোয়াখালী
২৩) নেজারত ডেপুটি কালেক্টর, নেজারত শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী
২৪) সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী
২৫) জেলা শিক্ষা কর্মকর্তা (ভারপ্রাপ্ত), জেলা শিক্ষা অফিস, নোয়াখালী
২৬) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জেলা প্রাথমিক শিক্ষা অফিস, নোয়াখালী
২৭) প্রধান শিক্ষক, নোয়াখালী জিলা স্কুল, নোয়াখালী
২৮) জেলা প্রতিনিধি, ফাইবার এট হোম লিঃ, নোয়াখালী (ইনফো সরকার ফেজ-২/৩ প্রকল্প))
২৯) উদ্যোক্তা, নেয়াজপুর ইউনিয়ন ডিজিটাল সেন্টার, নোয়াখালী সদর, নোয়াখালী
৩০) প্রোপাইটর, এপটেক আইটি, নোয়াখালী

Meraz

সৈয়দ মোহাম্মদ মিরাজ হোসেন
প্রোগ্রামার (ভারপ্রাপ্ত)